Jaishtha 31, 1425 Bangla, June 14, 2018 Thursday, No. 165 48th year

H I G H L I G H T S

'Travelling during Eid holidays this year has been more comfortable & the road condition throughout country is much better than in the last few years.' claims Road Transport Minister. (R. Today: 6)

Bangladesh Railway has started running several pairs of special trains to carry homebound passengers on the occasion of Eid-ul-Fitr. (R. Today: 6)

Home Minister says, jail authorities are waiting for BNP Chairperson Khaleda Zia's decision as to where she wants to undergo her health check-up from BSMMU or CMH. (R. Today: 6)

BNP SG claims, the govt. is making all evil efforts to keep the BNP chief away from people, politics & the next general election. (R. Today: 6)

The Election Commission has announced an election schedule for Rajshahi, Sylhet & Barishal city corporations, setting July 30 as the polling date. (R. Today: 6)

Thousands of people have been marooned & suffering different difficulties as incessant heavy rainfall in the last few days has triggered flooding in Chattagram, Sylhet & Feni districts. (VOA: 4,R. Today: 7)

Four people have been killed & 10 others injured in separate road accidents in Jamalpur & Mymensingh. (R. Today: 6)

The US hopes to see major disarmament by North Korea by the end of 2020, says Secretary of State Mike Pompeo. (BBC: 8)

The 2018 Fifa World Cup gets under way today when hosts Russia face Saudi Arabia following an opening ceremony at Moscow's Luzhniki Stadium. (BBC: 4)

জ্যৈষ্ঠ ৩১, ১৪২৫ বাংলা, জুন ১৪, ২০১৮ বৃহঃস্পতিবার, নং-১৬৫, ৪৮ বছর

শিরোনাম

সড়কপথে এবার ঈদ যাত্রা আগের যেকোন সময়ের চেয়ে নিরাপদ এবং স্বস্তিদায়ক হচ্ছে জানিয়ে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেছেন, সড়কের অবস্থা গত কয়েক বছরের মধ্যে সবচেয়ে ভাল। (রেডিও টুডে: ৬)

ট্রেনে ঈদ যাত্রার পঞ্চম দিনে অতিরিক্ত যাত্রীর চাপ সামলাতে বিভিন্ন গন্তব্যে যাতায়াত করছে ঈদ স্পেশাল ট্রেন। (রেডিও টুডে: ৬)

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় কিংবা সিএমএইচ বেগম খালেদা জিয়া যেখানেই বলবেন সেখানেই তার চিকিৎসার ব্যবস্থা করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী । (রেডিও টুডে: ৬)

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে সরকার জনগণের কাছ থেকে সরানোর চেষ্টা করছে বলে অভিযোগ করেছেন দলটির মহাসচিব। (রেডিও টুডে: ৬)

রাজশাহী, বরিশাল ও সিলেট সিটি করপোরেশন নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। আগামী ৩০ জুলাই অনুষ্ঠিত হবে এই তিন সিটি নির্বাচন। (রেডিও টুডে: ৬)

টানা ভারী বর্ষণ ও ভারতের উজান থকে নেমে আসা পাহাড়ি ঢলে সিলেট, চট্টগ্রাম ও ফেনীর বিভিন্ন স্থানে আকস্মিক বন্যা দেখা দিয়েছে। (ভোয়া: ৪, রেডিও টুডে: ৭)

ময়মনসিংহ ও জামালপুরে পৃথক সড়ক দূর্ঘটনায় ৪ জন নিহত ও ১০ জন আহত। (রেডিও টুডে: ৬)

উত্তর কোরিয়া ২০২০ সালের মধ্যে পরমানুমুক্ত হবে বলে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মাইক পোম্পেওর আশাবাদ। (বিবিসি: ৮)

আজ রাশিয়ায় উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে উন্মোচিত হচ্ছে ফুটবল বিশ্বকাপের আসর। (বিবিসি: ৪)

বিবিসি

ঝুঁকিপূর্ণ এলাকা থেকে প্রায় ৩০ হাজার রোহিঙ্গাকে নিরাপদে সরিয়ে নেওয়া হয়েছে

বাংলাদেশে বৃষ্টির কারণে ভূমি ধস থেকে রক্ষা করতে প্রায় ৩০ হাজার রোহিঙ্গাকে নিরাপদে সরিয়ে নেওয়া হয়েছে বলে কর্মকর্তারা জানিয়েছেন। আরো ২০ হাজার রোহিঙ্গাকে নিরাপদে সরিয়ে নেওয়ার কাজ চলছে, একথা জানিয়েছেন জাতিসংঘের শরণার্থী, ত্রাণ এবং প্রত্যাবাসন বিষয়ক কমিশনার। গত কয়েক দিনে কক্সবাজারে প্রবল বৃষ্টিপাতের কারণে রোহিঙ্গা ক্যাম্পের ভেতরে ব্যাপক দুর্ভোগ তৈরি হয়েছে এবং রোহিঙ্গাদের অনেক বাসস্থানও ক্ষতিগ্রস্থ হয়েছে এই বৃষ্টিপাতের কারণে। ঢাকা থেকে বিস্তারিত আকবর হোসেনের প্রতিবেদনে :

তিন দিনের টানা বৃষ্টি এবং ছোট খাটো ভূমি ধসে উখিয়া রোহিঙ্গা ক্যাম্পের এখন বেহাল দশা। পানি এবং কাঁদামাটিতে একাকার হয়ে গেছে ক্যাম্পের কোন কোন জায়গা। প্রত্যক্ষদর্শীরা বলছেন, যারা ত্রাণ কাজ এবং মানবিক সহায়তার সাথে সম্পৃক্ত হাটু পর্যন্ত পানির ভেতর দিয়ে হেটে ক্যাম্পে ঢুকছেন এবং তাদের ত্রাণ কাজ পরিচালনা করছেন। বেসরকারি সংস্থা কোস্ট ট্রাস্টের জান্নাতুল ফেরদৌস বিভিন্ন ক্যাম্প ঘুরে দেখেছেন। তিনি বলেন, (স্বকণ্ঠে): তিনটি ক্যাম্পে গিয়েছিলাম। এ তিনটি ক্যাম্পে যাওয়ার পথে মেইন সড়ক যেটা হাটু পানির নিচে। রাস্তার দুই পাশে যে রোহিঙ্গা শিবিরগুলো আছে অধিকাংশ বাড়ির মধ্যে পানি। যেগুলো পাহাড়ের মধ্যে ঘর ছিল সেসব বেশিরভাগ জায়গা থেকে শরণার্থীদের সরিয়ে যেগুলো আশ্রয় কেন্দ্র আছে, প্রাথমিক বিদ্যালয় আছে সেসব জায়গায় সরিয়ে নেওয়া হয়েছে। আমাদের বেশিরভাগ কর্মীরাই হটটু পানির মধ্যে হেটে হেটে আসা-যাওয়া করছে। রিলিফের জন্য দাঁড়িয়ে আছে রাস্তার পাশে। ওদের আশে-পাশে যে কয়টি জায়গা শুকনো আছে সেখান দেখা যাচ্ছে এক ঘরে তিন-চার পরিবার কোন রকম মাথা গুজে আছে।

বাংলাদেশে এ মূহুর্তে নতুন, পুরনো সব মিলিয়ে দশ লাখ রোহিঙ্গা আছে উখিয়া এবং টেকনাফের বিভিন্ন ক্যাম্পে। যার বড় অংশই রয়েছে উখিয়াতে। কৃষি জমি, পাহাড় বন উজাড় করে নির্মিত এই বিপুল সংখ্যক বসতি এই মানুষের জন্যই এখন বিরাট ঝুঁকি তৈরি করেছে। সেজন্য বর্ষা শুরুর আগে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা সতর্ক করে দিয়েছিল যে লাখ লাখ রোহিঙ্গা ভূমিধস ও বন্যা ঝুঁকিতে আছেন। শরণার্থী, ত্রাণ এবং প্রত্যাবাসন বিষয়ক কমিশনার আবুল কালাম বলছেন, পূর্ব প্রস্তুতি থাকার কারণে বড় ধরণের কোন বিপর্যয় ঘটেনি এবং এরই মধ্যে ৩০ হাজার রোহিঙ্গাকে বিভিন্ন জায়গায় সরিয়েও নেওয়া হয়েছে বলে মি. কালাম উল্লেখ করেন, (স্বকণ্ঠে): ঝুকিপূর্ণ এলাকায় যারা বসবাস করছেন তাদেরকে সরিয়ে নেওয়ার জন্য আমরা উদ্যোগ নিয়েছিলাম। যেসব জায়গা থেকে তাদের সরিয়ে নিয়েছি তারা বেশিরভাগ ক্ষেত্রেই ভূমিধস এবং বন্যার তীব্র ঝুঁকিতে ছিল। এ প্রক্রিয়া এখনো অব্যাহত আছে। গত দুই-তিন দিন ঝড়ো হাওয়া ও প্রবল বর্ষণে বেশ কিছু মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। আমরা চিহ্নিত করেছিলাম প্রায় ৫০ হাজারের মত লোক ঝুঁকিতে ছিল। এরমধ্যে প্রায় ২৫ হাজারের মত লোক তীব্র ভূমিধসের ঝুঁকিতে ছিল। বাকিরা বন্যার ঝুঁকিতে ছিল। ঐ তালিকার ভিত্তিতে প্রায় ত্রিশ হাজার লোককে সরিয়ে নিয়েছি। সেখানে ত্রাণ কার্যক্রম চলছে।

কর্মকর্তারা বলছেন, সারা বছর কক্সবাজার অঞ্চলে যে পরিমান বৃষ্টিপাত হয় গত তিনদিনে সেটির এক তৃতীয়াংশই হয়ে গেছে। এ থেকে বোঝা যায়, বৃষ্টিপাতের মাত্রা কতটা প্রবল ছিল। স্থানীয় সাংবাদিকরা বলছেন বৃষ্টি এবং কাঁদার জন্য রোহিঙ্গা ক্যাম্পের ভেতরে থাকার কোন অবস্থাই নেই। এমন পরিস্থিতি মোকাবেলায় বিভিন্ন বেসরকারি সংস্থা তাদের কর্মীদের ঈদের ছুটিও বাতিল করেছে। উখিয়ার রোহিঙ্গা ক্যাম্পে বসবাসরত একজন বাসিন্দা দ্বীন মোহাম্মদ জানালেন তিনি যেখানে বসবাস করছেন তার আশে পাশে পাঁচ শতাংশের মত বাড়ি ঘর ক্ষতিগ্রস্থ হয়েছে, (স্বকণ্ঠে): যেসব জায়গায় পাহাড়ে গাছ কেটে ঘর তৈরি করা হয়েছে সেখানে কিছু কিছু ভেঙ্গেছে। ১০০ ঘরের মধ্যে ৫টি ঘরে সমস্যা হয়েছে। যেখানে পানি উঠেছে সেখান থেকে লোকজন সরে গিয়ে আত্মীয়-স্বজনদের কাছে আশ্রয় নিয়েছে। বৃষ্টিতে মানুষের অনেক কষ্ট হচ্ছে। বৃষ্টি শেষ হলে এসব ঘর মেরামত করা হবে বলে আমাদের জানিয়েছে ইউএনএইচসিআর।

স্থানীয় ত্রান কর্মী এবং প্রশাসন কর্মকর্তারা বলছেন, ভূমি ধ্বস নিয়ে নানা আশঙ্কা এবং প্রচারনা থাকার কারণে রোহিঙ্গাদের অনেকে বৃষ্টি শুরুর সাথে সাথে সতর্ক হয়ে গেছেন। তবে এখনো অনেকে ঝুকিপূর্ন বসবাস করছেন বরে ত্রান কর্মীরা উল্লেখ করছেন। (বিবিসি: ১৯:৩০ ঘ. ১৩/০৬/১৮ সোনিয়া/আশরাফ)

উত্তর কোরিয়ার দিক থেকে আর কোন পারমানবিক হুমকি নেই: ডোনাল্ড ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলছেন যে উত্তর কোরিয়ার দিক থেকে এখন আর কোন পারমানবিক হুমকি নেই। উত্তর কোরিয়ার নেতা কিম জং উনের এক শীর্ষ বৈঠকের এক দিন পরই এক টুইট বার্তায় প্রেসিডেন্ট ট্রাম্প এ কথা বলেন। তার বিমান আমেরিকার মাটিতে নামার সময় আকে টুইট বার্তায় তিনি বলেছেন, যে এখন সবাই আগের চাইতে বেশি নিরাপদবোধ করতে পারেন। (বিবিসি: ১৯:৩০ ঘ. ১৩/০৬/১৮ প্রতীক/কোহিনূর)

বাংলাদেশে মেহেদির রঙে হাত না রাঙালে পরিপূর্ণতা পায় না উৎসব

বাংলাদেশে উৎসবে মেহেদির রঙে হাত সাজানো জনপ্রিয় একটি রীতি। ধর্মীয় যেকোন উৎসব থেকে শুরু করে বিয়ে, জন্মদিনসহ নানা অনুষ্ঠানে মেহেদির রঙে হাত না রাঙালে অনেকের কাছেই উৎসবের পরিপূর্ণতা পায় না। কিন্তু মেহেদির এ সার্বজনীন ব্যবহারের উৎস কোথায়, এর কি কোন ধর্মীয় ইতিহাস রয়েছে, শুনুন ফারহানা পারভীনের প্রতিবেদনে:

মেহেদি গাঢ় সবুজ রঙেগর পাতা, মিষ্টি গন্ধ। তবে সবচেয়ে মন কাড়ে এ পাতার নির্যাস থেকে যে রং হয় টো। মেহেদি পাতা বেটে বা শুকিয়ে গুড়া করে পেস্ট করে শরীরের বিভিন্ন স্থানে রাঙানোর ইতিহাস বহু পুরনো। আর উৎসবে বিশেষ করে মুসলমানদের ঈদ উৎসব হলে তো কথাই নেই। নিসাত ইয়াসমীন তার একমাত্র ছোট মেয়েকে নিয়ে এই ঈদে মেহেদির রংয়ে হাত সাজাবেন । তিনি বলছিলেন, মেহেদি না দিলে ঈদের আনন্দ পরিপূর্ণতা পায় না, (স্বকণ্ঠে): মেহেদি তো হাতের সৌন্দর্য্য বৃদ্ধি করে। আমরা চাই ঈদে সুন্দর করে সাজতে। এটা আনন্দ-উৎসবের একটা অংশ।

শরীরের জন্য একেবারে ক্ষতিকারক না এই মেহেদি দেওয়ার ইতিহাস অনেক আগের। যদিও খাতাকলমে এর সঠিক দিন-ক্ষণ ঠিক বলা যায় না যে কবে, কোথায় মেহেদির আবিস্কার হয়েছিল। তবে বিভিন্ন বই-পুস্তক ঘেটে নানা তথ্য পাওয়া যায়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষক তৌহিদুল হক বলছিলেন, লিখিত কোন দলিল না থাকলেও ইসলামের নবী মোহাম্মদের মেহেদি ব্যবহারের তথ্য মুসলমানদের উদ্ধুদ্ধ করে। তবে ভারতীয় উপমহাদেশে মোঘল সাম্রাজ্য এটাকে প্রশমিত করেছিল, (স্বকণ্ঠে): নবী মোহাম্মদ (স.) তার জীবনীতে আছে মেহেদি ব্যবহারের কথা। এ মেহেদি ব্যবহারটা মুসলিম সমাজের মধ্যে সীমাবদ্ধ ছিল এক সময়। পরবর্তী সময়ে ভারতীয় উপমহাদেশে মেহেদিটা আসে এবং মোঘল সাম্রাজ্যের জনগণ এটাকে প্রশমিত করেছে।

ঢাকার পার্লারগুলোতে রয়েছে মেহেদি দেওয়ার জন্য বিশেষায়িত বিউটিশিয়ান। যারা শুধুমাত্র মেহেদি দেওয়ার কাজ করনে। এমন একজনের সাথে আমার কথা হচ্ছিল। তিনি বলছিলেন, শুধু ঈদ না সারাবছর জুড়ে নানা ধর্মের মানুষ আসেন মেহেদি দিয়ে হাত রাঙাতে। তাদের জন্য বিশেষভাবে প্রশিক্ষণ নিতে হয় তাদের, (স্বকণ্ঠে): সবাই সুন্দর ডিজাইন চায়। অনেকে ডিজাইন নিয়ে আসে, মোবাইলে দেখায়, সেভাবে করে দিতে হয়।

বাংলাদেশ, ভারত এবং পাকিস্তানে মেহেদির ব্যাপক ব্যবহার লক্ষ্য করা যায়। এছাড়া, মধ্যপ্রাচ্যের দেশগুলোতে এবং আফ্রিকার যেসব দেশের ভাষা এরোবিক সেসব দেশেও ব্যবহার হয়। তৌহিদুল হক বলছিলেন, বিশ্বের নানা দেশে মেহেদি ব্যবহার হচ্ছে কিন্তু এর কারণ ও উদ্দেশ্য ভিন্ন, (স্বকণ্ঠে): এটপা ধর্মীয়ভাবে শুরু হলেও পরবর্তী সময়ে এটা সাংস্কৃতিক একটা পরিচয় পেয়েছে। এটা মানুষ গ্রহণ করেছে, সার্বজনীনভাবে এ বিষয়টা মানুষ গ্রহণ করেছে।

ইতিহাসের বইগুলো ঘাটলে দেখা যায়, মিশহরের পিরাডিডের মমির হাতের এবং পায়ের নথে মেহেদির রং দেখা যায়। আবার বর্তমানে বিভিন্ন ধর্মের বিয়ের উৎসবে মেহেদি শ্রীমান নামে আলাদা একটা দিন রাখভা হয় যেখানে বর-কনে থেকে শুরু করে পুরো পরিবার আনন্দে মেতে উঠে শুধুমাত্র শরীরে মেহেদি দেওয়ার জন্য। আবার অনেকে বিভিন্ন চর্ম রোগের জন্য হারবাল ওধুধ হিসেবে ব্যবহৃত হচ্ছে এ মেহেদি। (বিবিসি: ০৭৩০ ঘ. ১৪-০৬-১৮ সোনিয়া/সজীব)

রাশিয়াতে আজ থেকে শুরু হচ্ছে ফিফা বিশ্বকাপ ২০১৮

রাশিয়াতে আজ থেকে শুরু হচ্ছে ফিফা বিশ্বকাপ ২০১৮ উদ্বোধনী ম্যাচে আজ মুখোমুখি হচ্ছে স্বাগতিক রাশিয়া আর সৌদি আরব। মস্কোর লুজনিকি ষ্টেডিয়ামে ম্যাচটি শুরু হবে বাংলাদেশ সময় রাত ৯টায়।

(বিবিসি: ০৭:৩০ ঘ. ১৪/০৬/১৮ খালেদা/হেলাল)

ভয়েস অব আমেরিকা

কয়েকদিনের প্রবল বর্ষণে দেশের উত্তর-পূর্বাঞ্চল এবং দক্ষিণ-পূর্বাঞ্চলে বন্যা

বাংলাদেশে গত কয়েকদিনের প্রবল বর্ষণে এবং সীমান্তের ওপাড় থেকে ধেয়ে আসা পানির ঢলে দেশের উত্তর-পূর্বাঞ্চল এবং দক্ষিণ-পূর্বাঞ্চলে বন্যা দেখা দিয়েছে। ঢাকা থেকে জহুরুল আলমের প্রতিবেদন :

স্থানীয় প্রশাসনের তরফে জানা গেছে, নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হওয়ায় মৌলভীবাজার, চট্টগ্রাম, ফেনী এবং খাগড়াছড়ি জেলাসমূহের বিশাল এলাকা প্লাবিত হয়েছে। এর ফলে হাজার হাজার মানুষ পানিবন্দী হয়ে পড়েছে। ক্ষেতের ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে এবং বাড়ি-ঘর তলিয়ে গেছে। বন্যা দুর্গত এলাকাগুলো থেকে সংবাদদাতারা জানিয়েছেন, সেখানে বিশুদ্ধ পানি, খাদ্য এবং ঔষধের অভাব দেখা দিয়েছে। এদিকে, ব্যাপক বৃষ্টি এবং ভূমিধসের কারণে কক্সবাজার জেলার উখিয়া এবং টেকনাফে স্থাপিত রোহিঙ্গা শরণার্থী শিবিরগুলো থেকে এ পর্যন্ত অন্ততঃ শতাধিক পরিবারকে নিরাপদ জায়গায় সরিয়ে নেওয়া হয়েছে।

সাম্প্রতিক জরিপ শেষে অভিবাসন বিষয়ক আন্তর্জাতিক অভিবাসন সংস্থা আইওএম জানিয়েছে, বর্ষা মৌসুম পুরোপুরিভাবে শুরু হলে অন্ততঃ এক লাখ বিশ হাজার শরণার্থী বন্যা ও ভূমিধসের ঝুঁকিতে থাকবে।
(ভোয়া : ২২:০০ ঘ. ১৩/০৬/১৮ ফারুক/হেলাল)

বাংলাদেশে বিশ্বকাপ ফুটবল নিয়ে উত্তেজনা-উন্মাদনা প্রসঙ্গে প্রতিবেদন

বাংলাদেশের ঈদের আনন্দকেও যেন ম্লান করে দিয়েছে বিশ্বকাপ ফুটবল নিয়ে উত্তেজনা। বুধবার রাত পোহালেই রাশিয়ায় বিশ্বকাপ ফুটবল টুর্নামেন্ট শুরু হতে চলেছে। বাংলাদেশে ফুটবল প্রেমীদের আগ্রহ এবং উত্তেজনা নিয়ে ঢাকা থেকে মতিউর রহমান চৌধুরীর বার্তা :
শহর, বন্দর, গ্রাম সর্বত্র বিশ্বকাপ ফুটবলের ঢেউ। ঈদের বাজারের চাকচিক্য থেকে গেছে আর্জেন্টিনা, ব্রাজিলের পতাকা। রাজধানীতে যেমন দেশটা আওয়ামী লীগ-বিএনপিতে বিভক্ত, ঠিক তাই আর্জেন্টিনা-ব্রাজিলের পতাকা বানাতেও প্রতিযোগিতা। জমি বিক্রি করে মাগুরার কৃষক আমজাদ হোসেন সাড়ে পাঁচ কিলোমিটার দৈর্ঘ্যের জার্মানির পতাকা বানিয়ে আর্ন্তজাতিক খবর হয়েছেন। জার্মান দূতাবাস কর্মকর্তা ক্যারেন বিজেরা পতাকা উন্মোচন করেন। এ সম্পর্কে তিনি বলেন, এটাই হচ্ছে পৃথিবীর সবচেয়ে বৃহৎ জার্মান পতাকা। শুধু কি তাই, পতাকা টানাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ঢাকা, টাঙ্গাইল ও নারায়ণগঞ্জে তিনজন মারা গেছে। এর মধ্যে নারায়ণগঞ্জে ১২ বছরের এক কিশোরের মৃত্যু ছিল মর্মান্তিক। চার বছর পর পর বাংলাদেশে এমনটা ঘটে। অথচ কে না জানে, ফুটবলের আন্তর্জাতিক র‌্যাংকিংয়ে ২১১টি দেশের মধ্যে বাংলাদেশের স্থান ১৫৪তম।
বাংলাদেশে ফুটবল উন্মাদনা নিয়ে সমাজ বিজ্ঞানীরাও হিসেব মেলাতে পারেন না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগের অধ্যাপক নেহাল করিম বলেছেন, এসব মানুষের অনেকেই জানেন না যে আর্জেন্টিনা ও ব্রাজিল কোথায়। তারপরেও তারা কেন এ দু'টি দেশ নিয়ে পাগল, তা বুঝতে পারি না।
(ভোয়া : ২২:০০ ঘ. ১৩/০৬/১৮ ফারুক/হেলাল)

রেডিও জাপান

উচ্চ পর্যায়ের আলোচনা অব্যাহত রাখবে যুক্তরাষ্ট্র ও উত্তর কোরিয়া

যুক্তরাষ্ট্র ও উত্তর কোরিয়ার শীর্ষ নেতাদের স্বাক্ষরিত বিবৃতিতে সুনির্দিষ্টভাবে উল্লেখ না থাকায় দেশ দু'টি উত্তর কোরিয়ারকে পরমাণুমুক্ত করার বিষয়ে উচ্চ পর্যায়ের আলোচনা অব্যাহত রাখবে। গতকাল সিঙ্গাপুরে নিজেদের মধ্যে প্রথম বৈঠকের পর মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং উত্তর কোরীয় নেতা কিম জং-উন যৌথ বিবৃতিতে স্বাক্ষর করেন। এতে বলা হয় যে, কোরীয় উপ-দ্বীপকে পরমাণুমুক্ত করার অঙ্গীকার পুনঃনিশ্চিত করেছেন কিম। তবে সুনির্দিষ্ট কী পদক্ষেপ গ্রহণ করা হবে, কিভাবে তা যাচাই করা হবে এবং পরমাণুমুক্ত করার সময়সূচি কী, এতে তা উল্লেখ করা হয়নি। বিবৃতিতে আরও বলা হয়েছে, উত্তর কোরিয়ার জন্য নিরাপত্তা নিশ্চয়তা দিতে ট্রাম্প অঙ্গীকারাবদ্ধ। তবে এতে কোরীয় যুদ্ধ সমাপ্তির ঘোষণা উল্লেখ নেই, যা উত্তর কোরিয়ার নিরাপত্তা নিশ্চিত করার প্রথম পদক্ষেপ।
(রেডিও জাপান: ২১০০ ঘ. ১৩/০৬/১৮ সোনিয়া/নারগীস)

রেডিও টুডে

আজ রাশিয়ায় পর্দা নামছে ২১তম বিশ্বকাপ ফুটবল আসরের

অপেক্ষার অবসান ঘটিয়ে রাশিয়ায় বিশ্বকাপ ফুটবলের ২১তম আসরের পর্দা উঠছে। বাংলাদেশ সময় রাত ৯টায় উদ্বোধনী ম্যাচে মুখোমুখি হবে স্বাগতিক রাশিয়া ও এশিয়ার অন্যতম প্রতিনিধি সৌদি আরব। আর তার আধা ঘণ্টা আগে মস্কোর লুজন স্টেডিয়ামে শুরু হবে জমকালো উদ্বোধনী অনুষ্ঠান। সেখানে পারফরম করবেন ব্রিটিশ পপ তারকা রবি উইলিয়ামস ও রাশিয়ার অপেরা সিঙ্গার আইদা কারিকুলিনা।
(রে. টুডে : ০৮:৪৫ ঘ. ১৪/০৬/১৮ আছাদ/হেলাল)

২০২৬ সালের বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডায়

২০২৬ সালের বিশ্বকাপ ফুটবলের যৌথ আয়োজক হবার গৌরব অর্জন করেছে যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকো। মস্কোর বিশ্বকাপের স্বত্ব পাওয়ার লড়াইয়ে প্রতিবেশী তিন দেশের কাছে হেরে যায় পশ্চিম আফ্রিকার দেশ মরক্কো। এর ফলে প্রথমবারের মত তিন দেশে আয়োজিত হবে বিশ্বকাপ। এর আগে এশিয়ার দুই দেশ জাপান ও দক্ষিণ কোরিয়া যৌথভাবে ২০০২ সালের বিশ্বকাপ আয়োজন করেছিল। (রে. টুডে : ০৮:৪৫ ঘ. ১৪/০৬/১৮ আছাদ/হেলাল)

ঈদ উদযাপন করতে সড়ক পথেও ঢাকা ছাড়ছে প্রচুর মানুষ

প্রিয়জনের সাথে ঈদ উদযাপনে সড়ক পথেও ঢাকা ছাড়ছেন অসংখ্য মানুষ। রাজধানীর গাবতলী, সায়েদাবাদ, মহাখালীসহ অন্যান্য বাস টার্মিনাল থেকে দেশের বিভিন্ন গন্তব্যে ছেড়ে যাচ্ছে দূরপাল্লার শত শত যানবাহন।

ঢাকা-চট্টগ্রাম, ঢাকা-টাঙ্গাইল, ঢাকা-আরিচা মহাসড়কে যানবাহনের চাপ থাকলেও তেমন কোন যানজট নেই বলে জানা গেছে। তবে এসব রুটে যান চলছে কিছুটা ধীর গতিতে। ঈদ যাত্রায় নৌপথেও রয়েছে যাত্রীদের ভীড়।
(রে. টুডে : ০৮:৪৫ ঘ. ১৪/০৬/১৮ আছাদ/হেলাল)

সরকার খালেদা জিয়াকে জনগণের কাছ থকে সরানোর চেষ্টা করছে : মির্জা ফখরুল

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে সরকার জনগণের কাছ থেকে সরানোর চেষ্টা করছে বলে অভিযোগ করেছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, সব আইনগত বিষয়ে হাইকোর্ট থেকে জামিন পাওয়ার পরও খালেদা জিয়াকে কারামুক্তি দেওয়া হয়নি। গতকাল রাজধানীর বিজয়নগরে বাংলাদেশ লেবার পার্টি আয়োজিত ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মির্জা ফখরুল এসব কথা বলেন।
(রে. টুডে : ০৮:৪৫ ঘ. ১৪/০৬/১৮ সোনিয়া/হেলাল)

ঈদ যাত্রার পঞ্চম দিনে বিভিন্ন গন্তব্যে যাত্রা করেছে ঈদ স্পেশাল ট্রেন

ট্রেনে ঈদ যাত্রার পঞ্চম দিনে অতিরিক্ত যাত্রীর চাপ সামলাতে বিভিন্ন গন্তব্যে যাতায়াত করছে ঈদ স্পেশাল ট্রেন। তবে স্পেশাল ট্রেনের দ্বিতীয় দিনে সময়সূচিতে খুব একটা হেরফের হওয়ার খবর পাওয়া যায়নি। সরকারী কর্মদিবসের শেষ দিন হওয়ায় দুপুরের পর আরও চাপ বাড়তে পারে। (রে. টুডে : ০৮:৪৫ ঘ. ১৪/০৬/১৮ খালেদা/হেলাল)**ট্রেনে**

সড়কপথে ঈদ যাত্রা আগের যেকোন সময়ের চেয়ে নিরাপদ এবং স্বস্তিদায়ক: ওবায়দুল কাদের

সড়কপথে এবার ঈদ যাত্রা আগের যেকোন সময়ের চেয়ে নিরাপদ এবং স্বস্তিদায়ক হচ্ছে জানিয়ে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, কোথাও চাঁদাবাজী বা অতিরিক্ত ভাড়া নেয়ার অভিযোগ নেই। সকালে রাজধানীর গাবতলী বাস টার্মিনাল পরিদর্শনে গিয়ে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। এসময় মন্ত্রী আরও বলেন, রাস্তার কারণে এবার কোথাও কোন যানজট হবে না। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৩/০৬/১৮ সাইফুর/আলি)

ঈদে জমে উঠেছে শেষ মুহূর্তের কেনাকাটা

ঈদের বাকি আর মাত্র দুই থেকে তিনদিন। রাজধানীর শপিংমলগুলোতে শেষ মুহূর্তে চলছে জমজমাট কেনাকাটা। অন্যান্য সামগ্রীর পাশাপাশি পাঞ্জাবি ও টুপি বিক্রি হচ্ছে চোখে পড়ার মত।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৩/০৬/১৮ সাইফুর/আলি)

তিন সিটি করপোরেশন নির্বাচনের তারিখ ঘোষণা করলেন নির্বাচন কমিশন

রাজশাহী, বরিশাল ও সিলেট সিটি করপোরেশন নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। আগামী ৩০ জুলাই অনুষ্ঠিত হবে এই তিন সিটি নির্বাচন। এ সিদ্ধান্ত আগে নেয়া হলেও আজ নির্বাচন কমিশন আনুষ্ঠানিকভাবে এই তিন সিটি নির্বাচনের তফসিল ঘোষণা করে। তফসিল অনুযায়ী ২৮ জুন রিটার্নিং কর্মকর্তার কাছে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন। মনোনয়ন বাছাইয়ের তারিখ ১ এবং ২ জুলাই আর প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ৯ জুলাই।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৩/০৬/১৮ সাইফুর/আলি)

পৃথক সড়ক দুর্ঘটনায় পুলিশসহ চারজন নিহত

জামালপুরে ট্রাক ও সিএনজি অটো রিকশার মুখোমুখি সংঘর্ষে শিশুসহ দু'জন নিহত হয়েছে। এসময় আহত হয়েছে আরও পাঁচজন। পুলিশ জানায়, সকাল সাড়ে ৯টার দিকে জামালপুর-ময়মনসিংহ মহাসড়কে ছনকান্দা এলাকায় দ্রুতগতির একটির ট্রাকের সাথে যাত্রী বোঝাই সিএনজি অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে ঘটনাস্থানে মোশাররফ হোসেন নামে এক যাত্রী মারা যান। এসময় আহত ছয়জনকে উদ্ধার করে জামালপুর জেনারেল হাসপাতালে নেয়া হলে চিকিৎসাধীন অবস্থায় সাত বছর বয়সী এক শিশু কন্যার মৃত্যু হয় সেখানে। তবে তার নাম এবং পরিচয় জানা যায়নি। এদিকে, ময়মনসিংহে ট্রাক চাপায় সাইফুল ইসলাম নামের এক পুলিশসহ দু'জন নিহত হয়েছেন। নিহত আরেকজন হচ্ছেন অটোরিকশা চালক। এই ঘটনায় আহত হয়েছেন আরও পাঁচজন। পুলিশ জানায়, সকাল সাড়ে ৮টার দিকে শহরে বাইপাস মোড়ে হতাহতের এই ঘটনা ঘটে। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৩/০৬/১৮ সাইফুর/আলি)

বেগম খালেদা জিয়া যেখানেই বলবেন সেখানেই তার চিকিৎসার ব্যাবস্থা করা হবে: স্বরাষ্ট্রমন্ত্রী

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় কিংবা সিএমএইচ বেগম খালেদা জিয়া যেখানেই বলবেন সেখানেই তার চিকিৎসার ব্যবস্থা করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। বিকেলে রাজধানীর তেজঁগাও এলাকায় এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। তবে বিএনপি'র ভাইস চেয়ারম্যান আবদুল্লাহ আল নোমান বলেছেন, জেল কোড মেনেই বেগম খালেদা জিয়ার চিকিৎসা রাজধানীর বেসরকারি ইউনাইটেড হাসপাতালেই করা সম্ভব। সকালে জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে তিনি এ কথা বলেন।
(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১৩/০৬/১৮ প্রতীক/আশরাফ)

সিলেট, চট্টগ্রাম ও ফেনীর বিভিন্ন স্থানে আকস্মিক বন্যা

টানা ভারী বর্ষণ ও ভারতের উজান থকে নেমে আসা পাহাড়ি ঢলে সিলেট, চট্টগ্রাম ও ফেনীর বিভিন্ন স্থানে আকস্মিক বন্যা দেখা দিয়েছে। এর মধ্যে সিলেটের মৌলভীবাজারে মনু ও ধলাই নদীর বাধ ভেঙে কমলগঞ্জ, কুলাউড়া ও রাজনগর উপজেলার ৩০ থেকে ৩৫টি গ্রাম প্লাবিত হয়েছে। এতে ঘর-বাড়ি ও ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। এ অবস্থায় জেলা প্রশাসনের পক্ষ থেকে ক্ষতিগ্রস্তদের জন্য ১০০ মেট্রিক টন চাল এবং নগদ একলাখ টাকা বরাদ্দ দেয়া হয়েছে। মৌলভীবাজার পানি উন্নয়ন বোর্ড জানিয়েছে, দুপুরে মনু নদীর চাঁদনীঘাট পয়েন্টে পানি বিপদসীমার ৬৯ সেন্টিমিটার ও মনু রেলওয়ে সেতু পয়েন্টে বিপদসীমার ১৭৫ সেন্টিমিটার উপর দিয়ে প্রবাহিত হচ্ছিল। এছাড়া ধলাই নদীতে পানি প্রবাহিত হচ্ছে বিপদসীমার ৫৩ সেন্টিমিটার উপর দিয়ে। এদিকে, ফেনীর মহুরী নদীর বেড়ি বাঁধের ফুলগাজী উপজেলার ৬টি অংশে এবং পরশুরাম উপজেলার ২টি অংশে ভাঙনের ফলে ২ উপজেলার ১২টি গ্রাম প্লাবিত হয়েছে। এতে বাড়ি-ঘর, গবাদি পশু, পুকুরের মাছ এবং ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। এছাড়া চট্টগ্রামের ফটিকছড়ি, রাউজান ও হাটহাজারী উপজেলায় অতি বৃষ্টি ও পাহাড়ি ঢল থেকে সৃষ্ট বন্যায় পানিবন্দী হয়ে পড়েছেন কয়েক লাখ মানুষ।(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১৩/০৬/১৮ রিহাব/কোহিনূর)

রেডিও এবিসি

চাঁদ দেখা কমিটির বৈঠক বসবে শুক্রবার সন্ধ্যায়

১৪৩৯ হিজরী সনের ঈদুল ফিতরের তারিখ নির্ধারণ, শাওয়াল মাসের চাঁদ দেখার সংবাদ পর্যালোচনা এবং এ বিষয় সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে বৈঠকে বসবে জাতীয় চাঁদ দেখা কমিটি। শুক্রবার সন্ধ্যা সোয়া ৭টায় ইসলামিক ফাউন্ডেশনের বায়তুল মোকাররম সভাকক্ষে এই সভা বসবে। (রেডিও এবিসি: ১৫:০০ঘ. ১৩/০৬/১৮ সাইফুর/আলি)

রাজধানীতে প্রায় ৪শ' সড়কে চলছে খোড়াখুড়ি

রাজধানীতে প্রায় ৪শ' সড়কে চলছে খোড়াখুড়ি। বৃষ্টিতে কাদা ও জলজটে বেহাল এসব সড়ক জনদুর্ভোগের অন্যতম কারণ হয়ে উঠেছে। (রেডিও এবিসি: ১৫:০০ঘ. ১৩/০৬/১৮ সাইফুর/আলি)

এমপিওভুক্তির দাবিতে লাগাতার কর্মসূচির ঘোষণা দিয়েছেন শিক্ষক এবং কর্মচারীরা

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক এবং কর্মচারীরা বুধবার থেকে লাগাতার কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছেন। দাবি পূরণ না হলে ঈদেও তারা রাস্তায় থাকবেন।
(রেডিও এবিসি: ১৫:০০ঘ. ১৩/০৬/১৮ সাইফুর/আলি)

রেমিট্যান্সের উপর কোন ভ্যাট বসানো হয়নি: এনবিআর

আসন্ন অর্থ বছরের বাজেটে বিদেশ থেকে পাঠানো রেমিট্যান্সের উপর কোন মূল্য সংযোজন কর বা ভ্যাট বসানো হয়নি। ফেইসবুকসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার হচ্ছে রেমিট্যান্সের উপর বাজেট ভ্যাট বসানো হয়েছে। এমন প্রেক্ষাপটে বুধবার এনবিআর বলেছে, এ ধরনের প্রচার সম্পূর্ণ মিথ্যা ও গুজব। দেশের বৈধ রেমিটেন্স প্রবাহ বন্ধ করার অপ-প্রয়াস হিসেবে এ অপ-প্রচার চালানো হচ্ছে বলে এনবিআর মনে করে।
(রেডিও এবিসি: ১৮:০০ঘ. ১৩/০৬/১৮ সোনয়া/আশরাফ)

সাতক্ষীরার ভোমরাস্থল বন্দর শুল্ক স্টেশনের কার্যক্রম পাঁচদিন বন্ধ থাকবে

শবে কদর ও ঈদ উপলক্ষে বুধবার থেকে টান পাঁচদিন সাতক্ষীরার ভোমরাস্থল বন্দর শুল্ক স্টেশনের আমদানি ও রপ্তানি কার্যক্রম বন্ধ থাকবে। ১৮ই জুন সোমবার থেকে আবারও যথারীতি কার্যক্রম শুরু হবে। তবে এ সময় পাসপোর্টধারী যাত্রীরা যথারীতি যাতায়াত করতে পারবে। (রেডিও এবিসি: ১৮:০০ঘ. ১৩/০৬/১৮ প্রতীক/আশরাফ)

অপরিচিত কারো কাছ থেকে কিছু গ্রহন না করতে পরামর্শ দিয়েছেন আইজিপি

জনগণকে রাস্তা-ঘাটে অপরিচিত কারো কাছ থেকে কোন কিছু গ্রহন না করতে ও না খেতে পরামর্শ দিয়েছেন পুলিশের আইজি জাবেদ পাটোয়ারী। বুধবার গাজীপুরের চৌরাস্তায় আইজিপি বলেন, নিজের নিরাপত্তা নিজেকেই দেখতে হবে।
(রেডিও এবিসি: ১৮:০০ঘ. ১৩/০৬/১৮ প্রতীক/আশরাফ)

রাজশাহী, সিলেট ও বরিশাল সিটি করপোরেশনে ৩০ জুলাই ভোট অনুষ্ঠিত হবে

বুধবার নির্বাচন কমিশন ঘোষিত তফসিল অনুযায়ী রাজশাহী, সিলেট ও বরিশাল সিটি করপোরেশনে ৩০ জুলাই ভোট অনুষ্ঠিত হবে। প্রার্থীদের মনোনয়ন পত্র জমা দেয়ার শেষ দিন ২৮শে জুন। মনোনয়নপত্র বাছাই ১ ও ২ জুলাই। প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিন ৯ই জুলাই। (রেডিও এবিসি: ১৮:০০ঘ. ১৩/০৬/১৮ প্রতীক/আশরাফ)

[মনিটরিং পরিদপ্তর প্রকৌশল শাখা রেডিও তেহরান রেকর্ডিং সরবরাহ করতে না পারায় মনিটর করা সম্ভব হয় নাই]

B B C

HAITI BANS OXFAM GB AFTER SEX SCANDAL

Oxfam GB has been banned from operating in Haiti after its staff were accused of sexual misconduct following the 2010 earthquake. Haiti's government said the decision was taken because of Oxfam's violation of its laws and serious breach of the principle of human dignity. (BBC: 0600 hrs. 14/06/18 Faruk/Nargis)

MACEDONIA AND GREECE: BACK LASH OVER NAME DEAL

Macedonia's president is refusing to sign an historic deal agreed with Greece to change his country's name saying it violates the constitution. My position is final and I will not yield to any pressure blackmail or threats, Giorge Ivanor declared. On Tuesday Macedonia and Greece agreed to end a 27 year row by renaming the ex-Yugoslav state "The Republic of Macedonia."
(BBC: 0600 hrs. 14/06/18 Faruk/Nargis)

EGYPT SAFER THAN US AND UK: GALLUP POLL

Egypt has been ranked the safest country in Africa and higher than both the UK and US, according to a new global poll. The annual Gallup Global Law and Order asked if people felt safe walking at night and weather they had been victims of crime. The survey placed Egypt 16th out of 135 countries, while the US was 21st and the US 35th. (BBC: 0600 hrs. 14/06/18 Faruk/Nargis)

SARIN USED IN MARCH 2017 ATTACK IN SYRIA

The global chemical weapons watchdog says the nerve agent Sarin and Chlorine are very likely to have been used in attacks on a Syrian village last year. The Organisation for the Prohibition of Chemical Weapons concluded Sarin was used as a weapon in the South of rebel held Latamina on 24 March 2017 and chlorine at its hospital the next day. (BBC: 0600 hrs. 14/06/18 Faruk/Nargis)

N. KOREA NUCLEAR DISARMAMENT BY 2020: US

The US hopes to see "major disarmament" by North Korea by the end of 2020, Secretary of State Mike Pompeo says. His comments come a day after an unprecedented meeting between President Donald Trump and North Korean leader Kim Jong-un in Singapore. They reached a short agreement to work toward complete denuclearization of the Korean Peninsula.
(BBC: 2200+2300 hrs. 13/06/18 Faruk/Nargis)

ITALY-FRANCE TALKS HALTED OVER SHIP ROW

A vessel carrying more than 900 migrants has docked on the Italian island of Sicily. The Italian coastguard vessel, the Deciotti, had picked up the migrants off the coast of Libya. Italy on Sunday had refused to allow the Franco-German ship Aquarius packed with migrants, to dock, sparking an international row.
(BBC: 2200+2300 hrs. 13/06/18 Faruk/Nargis)

BATTLE STARTS FOR LIFELINE PORT IN YEMEN

Pro-government forces in Yemen, backed by Saudi Arabia, have begun attacking a key port held by rebel fighters. The coastal city of Hudaydah is where most of the aid arrives for people in Yemen's rebel held areas. Agencies have warned of a humanitarian catastrophe. About eight million people are at risk of starvation in the war torn country. (BBC: 2200+2300 hrs. 13/06/18 Faruk/Nargis)

CANADA, US & MEXICO TO HOST 2016 WORLD CUP

The 2026 World Cup will be held in the United States, Canada and Mexico after their joint bid beat Morocco's proposal to host it. The United 2026 bid was selected by Fifa member nations, winning 134 votes compared to 65 for Morocco. The 2026 tournament will be the biggest World Cup ever held with 48 teams playing 80 matches over 34 days. (BBC: 2200+2300 hrs. 13/06/18 Faruk/Nargis)

ARGENTINA LAWMAKERS TO VOTE ON ABORTION

Lawmakers in Argentina are due to vote on a draft bill that would allow women to have abortions in the first 14 week of their pregnancies. The bill has proven highly divisive and deputies have been split almost evenly in the run-up to the lower house vote, with more than a dozen still undecided. It approved, the bill will have to go to the Senate. (BBC: 2200+2300 hrs. 13/06/18 Faruk/Nargis)

S. SUDAN PEACE TALKS TO BE HELD IN ETHIOPIA

South Sudan’s rebel leader has agreed to meet with the country’s president in Ethiopia next week. A spokesman for Riek Machar, who is under house arrest in South Africa, confirmed he had accepted Ethiopian Prime Minister Abiy Ahmed’s invite to Addis Ababa on 20 June. The statement, which was emailed to news agency Reuters, added the meeting would go a long way in building confidence in the peace process. (BBC: 2200+2300 hrs. 13/06/18 Faruk/Nargis)

BRITISH AND AUSTRALIAN TOURISTS DIE IN PORTUGAL FALL

A British woman was one of two tourists found dead on a beach in Portugal after apparently falling from a wall, the Foreign Office has said. The woman and an Australian national were found on Tuesday in Ericeira, a town 25 miles north of Lisbon. Portuguese officials said the pair are thought to have been on the 30 metre high wall before they died. (BBC: 2200+2300 hrs. 13/06/18 Faruk/Nargis)

:: সমাপ্ত ::